

সরকারী কর্মকর্তা, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, ট্রেড ইউনিয়নের নেতৃত্বদ এবং সাধারণ শ্রমিক-কর্মচারীর অংশগ্রহণে
শ্রম আইনের উপর শিল্প সম্পর্ক বিষয়ক ত্রিপর্যায়ী কোর্সের পাঠ্যক্রম ও অন্যান্য বিষয়।

ক) প্রশিক্ষণের উদ্দেশ্যঃ

মালিক-শ্রমিক সম্পর্ক উন্নয়ন, গঠনমূলক ট্রেড ইউনিয়ন কর্মকর্তা পরিচালনা, বাংলাদেশ শ্রম আইন, শ্রম বিধিমালা ও শ্রম অর্থনীতির মৌলিক বিষয়ে প্রশিক্ষণার্থীদের দক্ষতা বৃদ্ধি, সচেতনতা সৃষ্টি, সুষ্ঠু শ্রম ব্যবস্থাপনা এবং উৎপাদন অব্যাহত রাখায় সহায়তা প্রদান।

খ) পাঠ্যসূচী সম্পর্কে প্রাথমিক ধারণাঃ ১। শ্রম প্রশাসন, শ্রম পরিদর্শন ২। শ্রম আদালত ও শ্রম আপিল ট্রাইব্যুনাল ৩। বাংলাদেশ শ্রম আইন-২০০৬ (সংশোধিত-২০১৩, ২০১৮) এবং বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ ৪। শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন আইন- ২০০৬ এবং বিধিমালা ৫। বঙ্গবন্ধুর আত্মজীবনী ও শ্রম দর্শন ৬। শিল্প সম্পর্ক ৭। শিল্প মনোবিজ্ঞান ৮। শ্রম অর্থনীতি ৯। বিশ্বায়ন ও মুক্ত বাজার অর্থনীতি ১০। ব্যাংকিং প্রতিষ্ঠান এবং বাংলাদেশ ১১। স্বাস্থ্য, নিরাপত্তা এবং কর্মপরিবেশ ১২। সামাজিক নিরাপত্তা ১৩। প্রজনন স্বাস্থ্য ও জেন্ডার বিষয়ক ধারণা ১৪। আউট সোর্সিং ১৫। চাকুরির সাধারণ শর্তাবলী ১৬। আন্তর্জাতিক শ্রম সংস্থা ১৭। শিশু শ্রম ও শিশুর অধিকার সংরক্ষণ ১৮। ব্যাংকিং প্রশাসন ১৯। স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে আচরণ ও শৃঙ্খলা বিধি ২০। শ্রম সেক্টরে উত্থাপিত শিল্প বিরোধ ও শ্রম আইনে সমাধান ২১। ব্যাংক বীমা, শিল্প ও বাণিজ্য প্রতিষ্ঠানে উৎপাদন ও উন্নয়ন সম্পর্কে সার্বিক আলোচনা ২২। শ্রমিক আন্দোলনের ইতিহাস ২৩। নারী ও শিশু নির্যাতন দমন আইন ২৪। ট্রেড ইউনিয়নের সামাজিক দায়িত্ব ২৫। প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা (ডেঞ্জুজর, এইডস, হেপাটাইটিস বি-ভাইরাস এবং বিভিন্ন রোগ) ২৬। COVID-19 সংক্রমন বিস্তার রোধকল্পে সরকার কর্তৃক গৃহীত স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধান ২৭। যৌতুক বিষয়ক, ইভটিজিং এবং বাল্য বিবাহ ২৮। শতভাগ রপ্তানীমুখী সেক্টর ফান্ড ২৯। শ্রম ক্ষেত্রে মানবিক সম্পর্ক ও নেতৃত্ব ৩০। কর্মক্ষেত্রে যোগাযোগ ৩১। কম্প্ল্যেইন্স ও এর গুরুত্ব ৩২। কর্মক্ষেত্রে শৃঙ্খলা ও আচরণ ৩৩। সন্ত্রাস ও জঙ্গিবাদ ৩৪। বাংলাদেশ পরিবেশ আইন ৩৫। অটিজম ৩৬। জাতীয় শুদ্ধাচার কৌশল নীতিমালা ৩৭। অগ্নি নিরাপত্তা ৩৮। ই-গভর্নেন্স ও ডিজিটাল বাংলাদেশ ৩৯। শ্রমিকের উপার্জিত আয়ের সুষ্ঠু ব্যাংকিং ব্যবস্থাপনা ৪০। অভ্যন্তরীণ নৌ-যান শ্রমিক (নিয়োগ নিয়ন্ত্রণ) আইন-১৯৯২ ৪১। ব্যক্তি মালিকানাধীন সড়ক পরিবহন কল্যাণ তহবিল আইন ৪২। মানব সম্পদ উন্নয়নে কারিগরী প্রশিক্ষণ ৪৩। মোটরযানের এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০১২ ৪৪। তথ্য অধিকার আইন-২০০৬ ৪৫। বঙ্গবন্ধুর আত্মজীবনী ও শ্রম দর্শন এবং ৪৬। প্রতিষ্ঠানে জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রভৃতি।

গ) প্রশিক্ষণ পদ্ধতিঃ

ক) বক্তৃতা ও আলোচনা খ) দলীয় আলোচনা গ) প্যানেল আলোচনা ঘ) দলীয় কাজ ঙ) ঘটনা বিশ্লেষণ চ) ভূমিকাভিনয় ছ) বিষয় ভিত্তিক জ্ঞান পরীক্ষা জ) শ্রাব্য দর্শন উপকরণ ঝ) গুরুত্বপূর্ণ বিষয়ে বিতর্ক অনুষ্ঠান ও পাঠাগার কার্যক্রম।

ঘ) যারা প্রশিক্ষণ নিবেনঃ

প্রশিক্ষণে অংশগ্রহণে সরকারী কর্মকর্তা * ব্যবস্থাপনা কর্তৃপক্ষ * শ্রমিক সংগঠনের নেতৃত্বদ (সিবিএ বা ননসিবিএ, *সাধারণ শ্রমিক/কর্মচারী।

ঙ) প্রশিক্ষণে অংশগ্রহণে প্রয়োজনীয় যোগ্যতাঃ

শ্রম প্রশাসনের সাথে জড়িত সরকারি/রাষ্ট্রায়ত্ব/স্বায়ত্বশাসিত/বেসরকারী শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠান সমূহের নিয়োজিত কর্মকর্তা ও ট্রেড ইউনিয়নের নেতৃত্বদ এবং সাধারণ শ্রমিক কর্মচারীদের জন্য এ প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়ে থাকে। কোন শিল্প/প্রতিষ্ঠানে নিয়োজিত বা কর্মরত থাকলে উক্ত কর্মকর্তা/কর্মচারী এ প্রশিক্ষণে অংশ গ্রহণকারী হিসেবে ন্যূনতম যোগ্যতা অর্জন করবে। তবে চাকুরি হতে অবসরপ্রাপ্ত এবং চাকুরিচ্যুত কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ নেই।

চ) সুবিধাদিঃ

১। আধুনিক প্রশিক্ষণ কক্ষ ও ডিজিটাল পদ্ধতিতে প্রশিক্ষণ ব্যবস্থা;

২। শিক্ষায়তনে আধুনিক পাঠাগার;

৩। প্রশিক্ষণার্থীদের উপস্থিতি সাপেক্ষে সরকার কর্তৃক নির্ধারিত দৈনিক ৩০০/- টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন;

৪। চূড়ান্ত মূল্যায়নে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম অধিদপ্তর কর্তৃক সনদপত্র প্রদান।

ছ) অন্যান্যঃ

১। আনুষঙ্গিক ব্যয় নির্বাহের জন্য প্রতি প্রশিক্ষণার্থীকে অফেরতযোগ্য ২,০০০/- (দুই হাজার) টাকা নগদ আনতে হবে। চেক বা ব্যাংক ড্রাফট গ্রহণযোগ্য নহে;

২। কোর্স শুরুর দিন দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ জীবন বৃত্তান্ত পূরণ করতে হবে;

৩। কোর্সের মেয়াদ ০৪ (চার) সপ্তাহ ০৩ অক্টোবর, ২০২১ খ্রিঃ হতে ২৮ অক্টোবর, ২০২১ খ্রিঃ পর্যন্ত;

৪। ক্লাসের সময়ঃ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত;

৫। হোস্টেলে অবস্থানরত প্রশিক্ষণার্থীদের খাওয়ার ব্যয়ভার নিজেদের বহন করতে হবে। তবে ক্রোকারিজ ও বাবুটী এ দপ্তর সরবরাহ করবে;

৬। ইতোপূর্বে যারা এ কোর্স সম্পন্ন করেছেন তাদেরকে মনোনয়ন না দেয়ার জন্য অনুরোধ করা হলো।

জ) প্রশিক্ষণার্থীদের মনোনয়ন ছকঃ

| ক্র/নং | নাম ও পদবি | কর্মরত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | পিতা ও মাতার নাম | শিক্ষাগত যোগ্যতা | জন্ম তারিখ | মোবাইল নম্বর | মন্তব্য |
|--------|------------|----------------------------------|------------------|------------------|------------|--------------|---------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

বিঃদ্রঃ হোস্টেলের সিট সীমিত থাকায় যে সকল প্রশিক্ষণার্থী হোস্টেলে অবস্থান করতে ইচ্ছুক তাদেরকে পূর্বেই শিক্ষায়তন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। আগে আসলে আগে পাবেন এই নীতিতে হোস্টেলে থাকার ব্যবস্থা করা হয়।

এস. এম. কামরুজ্জামান
সহকারী পরিচালক
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম অধিদপ্তর
শিল্প সম্পর্ক শিক্ষায়তন, খুলনা।